

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬৯০

আগরতলা, ২৫ জানুয়ারি, ২০২৪

নাবার্ডের উদ্যোগে আগরতলায় স্টেট ক্রেডিট সেমিনার

নাবার্ডের ত্রিপুরা আঞ্চলিক কার্যালয়ের উদ্যোগে আজ আগরতলাস্থিত এক বেসরকারি হোটেলে স্টেট ক্রেডিট সেমিনার, ২০২৩-২৪ অনুষ্ঠিত হয়। সেমিনারের উদ্বোধন করেন বিধায়ক জিতেন্দ্র মজুমদার। সেমিনারে ত্রিপুরা রাজ্যে নাবার্ড কর্তৃক রূপায়িত কর্মসূচি ও ২০২৪-২৫ অর্থবছরের রোডম্যাপ নিয়ে আলোচনা করা হয়। সেমিনারে নাবার্ডের ডিজিএম দিগন্ত কুমার দাস জানান, ২০২৪-২৫ অর্থবছরে রাজ্যের অগ্রাধিকারের ক্ষেত্রগুলির উন্নয়নে ১০,১৭৯.৮৩ কোটি টাকা প্রয়োজন। এরমধ্যে কৃষি ও কৃষি সংশ্লিষ্ট ক্ষেত্রের জন্য ৪,৮৩৮.১২ কোটি টাকা এবং ক্ষুদ্র, মাঝারি ও ছোট উদ্যোগী ক্ষেত্রগুলির উন্নয়নে ৩৯৮১.১৪ কোটি টাকা প্রয়োজন। সেমিনারে উপস্থিত ছিলেন নাবার্ডের জিএম লোকেন দাস, অর্থ দপ্তরের সচিব অপূর্ব রায়, শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে, আরবিআই আগরতলার জিএম সতবন্ত সিং এস, আইআইটি রুরকির অধ্যাপক ড. বিভূতি রঞ্জন ভট্টাচার্য ও ড. স্মৃতি সহ রাজ্য সরকারের বিভিন্ন দপ্তর, ব্যাঙ্ক, টিআরএলএমের প্রতিনিধিগণ।

সেমিনারের উদ্বোধন করে বিধায়ক জিতেন্দ্র মজুমদার বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভোকাল ফর লোকাল স্লোগানের পর সারা দেশে দেশীয় উৎপাদিত সামগ্রীর চাহিদা বেড়েছে। রাজ্যের স্থানীয় শিল্পের বিকাশে শিল্পীদের উৎকর্ষতা বৃদ্ধির জন্য দক্ষতা উন্নয়নের পাশাপাশি আধুনিক প্রযুক্তি ব্যবহারের উপর তিনি গুরুত্ব আরোপ করেন। সেমিনারে অতিথিগণ ‘স্টেট ফোকাস পেপার ২০২৪-২৫’এর আবরণ উন্মোচন করেন। রাজ্যের হস্তশিল্প শিল্পের উন্নয়ন ও পুনরুজ্জীবনে রোডম্যাপ নিয়ে ‘থ্রেডস অব ট্র্যাডিশন’ নামে একটি বুকলেটেরও আবরণ উন্মোচন করা হয়। এই রোডম্যাপটি তৈরি করেছে আইআইটি-রুরকি। তাছাড়া সেমিনারে লালজুরি ব্লকের রিয়াং জনগোষ্ঠী দ্বারা নির্মিত বাঁশবেতের বাজারের ব্যাগের প্রদর্শন করা হয়।

সেমিনারে জানানো হয়, নাবার্ড কর্তৃপক্ষ ৩০ নভেম্বর, ২০২৩ পর্যন্ত ৩,৮৪৬টি বিভিন্ন প্রকল্পের জন্য মোট ৪,৪২২ কোটি ৬৫ লক্ষ টাকা বরাদ্দ করেছে। বরাদ্দকৃত অর্থের মাধ্যমে রাস্তা, ব্রিজ, জলসেচ, পানীয়জলের ব্যবস্থা, স্বাস্থ্যক্ষেত্রে গ্রামীণ শৌচাগার, মৎস্যচাষ, কঠিন বর্জ্য ব্যবস্থাপনা, সোলার স্ট্রিটলাইট বসানো হয়েছে। বরাদ্দকৃত অর্থের বেশিরভাগ অর্থই গ্রামীণ যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে এবং কৃষি ক্ষেত্রের উন্নয়নে ব্যবহৃত হয়েছে।
